গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা
৯১, মতিঝিল বা/এ, ঢাকা
www.moind.gov.bd

নং-৩৬.০০.০০০০.০০০.০৪৬.২৩.০০৩০.২৫.১১০৪

তারিখঃ ১৫ ভাদ্র ১৪৩৩ / ৩০ আগস্ট ২০২৬

বিজ্ঞপ্তি

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি বা সিআইপি (শিল্প)-২০২৬ নির্বাচন

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা, ২০২৬ অনুযায়ী "সিআইপি (শিল্প)-২০২৬" নির্বাচনের লক্ষ্যে বৃহৎ (উৎপাদন ও সেবা), মাঝারি (উৎপাদন ও সেবা), ক্ষুদ্র (উৎপাদন ও সেবা), উদীয়মান প্রযুক্তিনির্ভর শিল্প, হাইটেক শিল্প, লজিস্টিকস খাত, পর্যটন শিল্প, মাইক্রো ও কুটির শিল্প-এর আওতাভুক্ত কোনো একক শিল্প প্রতিষ্ঠানের স্বত্বাধিকারি, লিমিটেড কোম্পানির ক্ষেত্রে চেয়ারম্যান অথবা কোম্পানী পরিচালনা পর্ষদ কর্তৃক যথাযথভাবে মনোনীত কোন উদ্যোক্তা পরিচালক এবং পার্টনারশীপ ফার্মের ক্ষেত্রে শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা অংশীদার এর নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।

০২। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে।

০৩। আগ্রহী প্রার্থীগণ শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moind.gov.bd হতে আবেদন ফরম সংগ্রহ করে ফরমে প্রদত্ত তথ্যের স্বপক্ষে প্রমাণকসমূহ সংযুক্তপূর্বক আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন মন্ত্রণালয়ের প্রশাসন অধিশাখায় (কক্ষ নং-৪৩৭) জমা দিতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৪। বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা, ২০২৬ অনুযায়ী বৈদেশিক কোন ক্রেতার সাথে শিল্প বিরোধে জড়িত, শেয়ার সংক্রান্ত কোন কেলেংকারীতে জড়িত, ঋণখেলাপী, করখেলাপী, ফৌজদারি মামলায় সাজাপ্রাপ্ত এবং সাজা ভোগের পর অন্যূন ০৫ (পাঁচ) বছর অতিবাহিত হয়নি এমন কোন ব্যক্তি; বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে কোন শিল্প প্রতিষ্ঠানকে যদি সরকারের রাজস্ব ফাঁকির কোন ঘটনায় জরিমানা করা হয়, তাহলে উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী, উদ্যোক্তা পরিচালক বা চেয়ারম্যান সিআইপি (শিল্প) নির্বাচনের লক্ষ্যে আবেদন করতে পারবেন না।

০৫। আবেদনকারীকে অবশ্যই 'সিআইপি (শিল্প) নির্বাচন নীতিমালা-২০২৬' ও 'জাতীয় শিল্পনীতি-২০২২' অনুসরণ করতে হবে। এ ক্ষেত্রে কোনো ব্যত্যয় ঘটলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৬। আবেদনপত্রে কোন মিথ্যা বা অসত্য তথ্য প্রদান করলে আবেদনকারী পরবর্তী ০৩ (তিন) বছর সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য আবেদন করতে পারবেন না। প্রাপ্ত আবেদনের বিষয়ে শিল্প মন্ত্রণালয়ের সিআইপি (শিল্প) নির্বাচন সংক্রান্ত বাছাই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩০/০৮/২৬

রমেন্দ্র নাথ বিশ্বাস
উপসচিব
ফোন: ০২-২২২৩৩৮১৯৫৭